

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৩

বিষয় : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। ১০×৩=৩০

১। ‘সন্ধ্যাভাষা’ না ‘সন্ধাভাষা’ — এই দুটি শব্দবন্ধকেই কি তুমি চর্যাপদের ভাষা অর্থে ব্যবহার করবে? একে ‘ভাষাপ্রহেলী’ বলার কারণ কী? তোমার পাঠ্যের যে কোনো দুটি গান অবলম্বনে এই সম্পর্কে তোমার মতামত জানাও। ১০

(অথবা)

২। ‘হরিণচর্যা’ ও ‘মুষিকচর্যা’ বলতে কী বোঝ? পদগুলি বিশ্লেষণ করে সাংবৃত্তিক ও পারমার্থিক চিন্তের অবস্থা সম্পর্কে আলোচনা করো। ১০

৩। বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে ভাগবতসহ বিভিন্ন পুরাণ প্রসঙ্গগুলি কীভাবে ব্যবহৃত হয়েছে তা তোমার পাঠ্য অংশ অবলম্বনে উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০

BNG-1411

[Turn Over]

৪। বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের রাধাবিরহ খণ্ডে ‘বিগতস্পৃহ’ কৃষ্ণ ও ‘কৃষ্ণগতপ্রাণা’ রাধাকে দেখা যায়। আখ্যানের শেষে কৃষ্ণ ও রাধার সম্পর্কের এই পরিণতিকে তুমি কীভাবে বুঝতে চাও যুক্তিসহ আলোচনা করো। ১০

৫। ‘পদ্মাবতী’ কাব্যে বঙ্গীয় রীতিনীতির এক অসামান্য প্রতিফলন কীভাবে প্রকাশ পেয়েছে তা তোমার পাঠ্য অবলম্বনে আলোচনা করো। ১০

(অথবা)

৬। পদ্মাবতী-কে রূপক কাব্যের পর্যায়ভুক্ত করা যায় কি? কাহিনী বিশ্লেষণ করে বিষয়টি স্পষ্ট করো। ১০

৭। মঙ্গলকাব্যের বহিরঙ্গ বৈশিষ্ট্যগুলি থাকার সত্ত্বেও ‘রায়গুণাকর’ ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যকে ‘ছন্দ মঙ্গলকাব্য’ বলা হয় কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

(অথবা)

৮। ‘অন্নদামঙ্গল’ কাব্যের তিনটি খণ্ডের নামগুলি লেখো। কবি ভারতচন্দ্র স্বয়ং এই কাব্যকে ‘নতুন মঙ্গল’ বলে অভিহিত করেছেন কেন? এর পিছনে অল্পপূর্ণা ও শিবচরিত্র নির্মাণের অভিনব কৌশল কতদূর কার্যকর ছিল বলে তুমি মনে করো যুক্তিসহ লেখো। ১০

★★★

BNG-1411

XX24(113)—180